

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা  
(আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩, মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০  
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiyamohilacollege.edu.bd

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ পারফরমেন্স র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ হিসেবে স্বীকৃত ঐতিহ্যবাহী লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ১৫/০২/২০২২ থেকে ২৭/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

ভর্তির যোগ্যতা: ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Private) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (সম্মান) স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সাথে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximum file size : 50Kb. দ্বিত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি স্ক্যান করে আপলোড করতে হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানা যাবে: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) ও কলেজের ওয়েব সাইটে ([www.lalmatiyamohilacollege.edu.bd](http://www.lalmatiyamohilacollege.edu.bd)).

মাস্টার্স ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি-৩০০/- টাকা ও বিকাশ চার্জ-৪/- টাকাসহ মোট ৩০৪/- (তিনশত চার) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে মাস্টার্স (প্রাইভেট) ভর্তি রোল নম্বর দিতে হবে। এরপর ভর্তির জন্য শিক্ষার্থীদেরকে বিকাশ অ্যাপস এর মাধ্যমে পেমেণ্ট সিলেক্ট করে ভর্তি ফরম, প্রসপেক্টাস ফি ও বিকাশ চার্জসহ ৪৫৬/- টাকা বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ এর মাধ্যমে পরিশোধ করতে হবে। রেফারেন্স এ অবশ্যই মাস্টার্স প্রাইভেট ভর্তি রোল নম্বর উল্লেখ করতে হবে। অতঃপর [www.lalmatiyamohilacollege.edu.bd](http://www.lalmatiyamohilacollege.edu.bd) এ ভর্তির লিংকে প্রবেশ করে কলেজের নিজস্ব ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে মাস্টার্স প্রাইভেট আবেদন ফরম ও শিক্ষার্থীর ছবি আপলোড করে সাবমিট করতে হবে। সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে শিক্ষার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে কলেজের ক্লাস রোল/আইডি জানিয়ে দেয়া হবে। তারপর বিকাশ অ্যাপস থেকে পে-বিল সিলেক্ট করে প্রতিষ্ঠানের নাম ও শিক্ষার্থীর কলেজের ক্লাস রোল/আইডি নম্বর লিখে বিকাশ নম্বর (০১৮৪৬১৪৯৯৭৩) এর মাধ্যমে ভর্তির টাকা পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে কলেজে উপস্থিত হয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দেয়া যাবে।


লালমাটিয়া সরকারি মহিলা কলেজের মাস্টার্স (প্রাইভেট) বিষয়সমূহ :

১। বাংলা, ২। ইংরেজি, ৩। সমাজবিজ্ঞান, ৪। রাষ্ট্রবিজ্ঞান, ৫। অর্থনীতি, ৬। হিসাববিজ্ঞান, ৭। ব্যবস্থাপনা, ৮। মার্কেটিং, ৯। ফিন্যান্স এণ্ড ব্যাংকিং।

ভর্তির জন্য দেয় টাকার হিসাব:

ক্রমিক নং	খাতের নাম	টাকার পরিমাণ
১.	ভর্তি ফি	৩০
২.	বিশ্ববিদ্যালয় ফি (বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত)	৮০০
৩.	উন্নয়ন তহবিল ফি	২০০
৪.	বিবিধ	১০০
৫.	ব্যবস্থাপনা ফি	৫০
৬.	ডিজিটাল কার্যক্রম	৪০০
	মোট	১৫৮০

এছাড়া অভ্যন্তরীণ পরীক্ষা ফি (ইনকোস) প্রতি পত্রে ৪০/- টাকা পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে।

  
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা।